দৈনিক বাংলা

26 JUL 1994

তারিখ 26 JUL 1994
পৃষ্ঠা ১০ কলাম ৪

# নিরক্ষরতা দূর করা সরকারের অন্যতম লক্ষ্য ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার মানব সম্পদ উন্নয়নের জন্য শিক্ষার হার বৃদ্ধির লক্ষ্যে দেশে একটি উন্মুক্ত বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছে। তিনি বলেন, এ বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে দেশের আপামর জনগণকে শিক্ষিত করা এবং সমাজ থেকে নিরক্ষরতা দূর করাই সরকারের লক্ষ্য।

শিক্ষামন্ত্রী রোববার বগুড়ায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় রিসোর্স সেন্টারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ এম শমসের আলীর সভাপতিত্বে এ অনুষ্ঠানে বগুড়ার ডিসি নূরুজ্জামান ভূঁইয়াও বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন, দারিদ্র ও অনগ্রসরতার কারণে যারা আনুষ্ঠানিক শিক্ষা লাভের সুযোগ পাচ্ছে না উন্মুক্ত বিশ্ববিদ্যালয় তাদের জন্য শিক্ষার সুযোগ সৃষ্টি করে দেবে। তিনি বলেন, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কারিগরি ও অন্যান্য পেশা ভিত্তিক শিক্ষা দানের মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরি করবে। তিনি উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে কৃষি, হাঁস-মুরগী পালন, মৎস্যচাষ, প্রাথমিক চিকিৎসা ও দৈনন্দিন জীবনে বিষয় ভিত্তিক শিক্ষাদানের ওপর গুরুত্বারোপ করেন।

পরে শিক্ষামন্ত্রী পি এম সরকারী বালিকা বিদ্যালয়, বগুড়া জেলা স্কুল ও বগুড়া করোনেশন ইনস্টিটিউশনের নবনির্মিত ভবনের উদ্বোধন করেন এবং ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে বক্তৃতা করেন। খবর তথ্য বিবরণীর।